

উপস্থিত- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,  
সিনিয়র সহকারী জজ ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম।

আদেশ নং-২৯

তারিখ-০৯/০৭/২৪

অদ্য সোলেনামা বিষয়ে আদেশের জন্য দিন ধার্য আছে।

উভয়পক্ষ আদালতে হাজির।

বাদী ও ১-৭ নং বিবাদীপক্ষ বিগত ০২/০৭/২০২৩খ্রিঃ তারিখে এফিডেভিট সহযোগে একখানা সোলেনামা দাখিল করেছেন। যা নথিতে সামিল পাওয়া গিয়াছে।

অতপর নথি সোলেনামা বিষয়ে আদেশের জন্য নেওয়া হলো।

দাখিলী সোলেনামাসহ রেকর্ড পর্যালোচনা করলাম।

বাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি নিবেদন করেন যে, অত্র মামলা চলাবস্থায় উভয়পক্ষের মধ্যকার তর্কিত বিষয় স্থানীয় ভাবে আপোষ মীমাংসা হয়েছে। এখন উভয়পক্ষ তাহাদের মধ্যকার সম্পাদিত সোলেনামা অনুসারে অত্র মামলার ডিক্রি মূলে নিষ্পত্তির প্রার্থনা করেন।

বিবাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি উভয়পক্ষের মধ্যকার আপোষ মীমাংসার বিষয়টি স্বীকার করেছেন এবং বিবাদীপক্ষ কথিত সোলেনামায় স্বেচ্ছায় ও স্বজ্ঞানে স্বাক্ষর করেছেন মর্মে জানিয়েছেন। বাদীপক্ষে বাদী মোঃ নুরুল আলম সোলেনামার সমর্থনে PW-1 হিসাবে জবানবন্দি প্রদান করেছেন। বিবাদীপক্ষতাকে কোন জেরা করেন নি। একইভাবে, বিবাদীপক্ষে ০২নং বিবাদী মোঃ ইউছুফ নিজপক্ষে সোলেনামার সমর্থনে DW-1 হিসাবে জবানবন্দি প্রদান করেছেন। বাদীপক্ষ তাকে কোন জেরা করেন নি।

উভয়পক্ষ কর্তৃক সম্পাদিত গত ০২/০৭/২০২৩খ্রিঃ তারিখের সোলেনামা পর্যালোচনা করলাম। সোলেনামায় বর্ণিত আপোষের শর্ত সমূহ সুষ্ঠু, বৈধ, বাধ্যকর ও কার্যকর মর্মে প্রতীয়মান হয়েছে। আরো প্রতীয়মান হয়েছে যে, উভয়পক্ষ স্বেচ্ছায় অত্র মামলা আপোষে নিষ্পত্তির ইচ্ছা প্রকাশ করেছে এবং দাখিলী সোলেনামা উভয়ের মধ্যকার বৈধ সমঝোতারই প্রতিফলন। সার্বিক বিবেচনায় দাখিলী সোলেনামা অত্র আদালত কর্তৃক গৃহীত হলো। প্রতীয়মান হয় যে, অত্র মোকদ্দমা সোলেসূত্রে নিষ্পত্তিযোগ্য।

প্রদত্ত কোর্ট ফিসঠিক।

অতএব,

আদেশ হয় যে,

দলিল সংশোধন ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-৭নং বিবাদীপক্ষের বিরুদ্ধে সোলেসূত্রে এবং অপরাপর বিবাদীগণের বিরুদ্ধে এক-তরফা সূত্রে সোলেনামার শর্ত

মোতাবেক বিনা খরচায় ডিক্রী প্রদান করা হলো। দাখিলী ০২/০৭/২০২৩ইং তারিখের সোলেনামা অত্র ডিক্রীর একাংশ গন্য করা হলো।

এতদ্বারা দাতা ১-৭ নং বিবাদীগণ কর্তৃক গ্রহীতা- হাজী মোহাম্মদ নুরুল আলম এর অনুকূলে সম্পাদিত পটিয়া সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম গত ২৪/০৭/২০০৩খ্রিঃ তারিখে রেজিস্ট্রিকৃত ৪৭২৩ নম্বর বিক্রয় কবলা দলিলে সোলেনামার শর্তমতে দলিলের তফসিলে পাতা ৫ (পাঁচ) এর নিচে দ্বিতীয় লাইনে হস্তাক্ষিত নকশায় লিপিকৃত “আর. এস. ৫৮৪৭ দাগ” কর্তনে তৎ স্থলে “আর এস ৫৮৫৫ দাগ” এবং “আর. এস. ৫৮৪৪ দাগ” কর্তনে তৎস্থলে “আর এস ৫৭৭২ দাগ ” লিপিবদ্ধ করে উক্ত মূল দলিলটি সংশোধন করার (বাদীপক্ষ কর্তৃক সংশিষ্ট সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপন সাপেক্ষে) এবং তৎ কারণে উক্ত দলিল সংশিষ্ট ২০০৩ খ্রিস্টাব্দের বই নং- ১ এর ৯০ নম্বর ভলিয়মে ২৮০-২৯০ নং পৃষ্ঠায় প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করার জন্য জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম কে নির্দেশ দেওয়া হলো।

আরজীর সত্যায়িত ফটোকপিসহ অত্র ডিক্রির অনুলিপি অবগতি ও কার্যার্থে জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম এবং সাব-রেজিস্ট্রার, পটিয়া সাব-রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বরাবর প্রেরণ করা হোক।

আমার কথিত মতে টাইপকৃত ও সংশোধিত

মোঃ হাসান জামান  
সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,  
পটিয়া, চট্টগ্রাম।

মোঃ হাসান জামান  
সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,  
পটিয়া, চট্টগ্রাম।